ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৫১৫

মোহনপুর, ১ জুলাই, ২০২৫

**হেজামারা ও লেফুঙ্গায় ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধনে কৃষিমন্ত্রী**

**কেন্দ্র ও রাজ্য সরকার জনজাতি এলাকাগুলির উন্নয়নে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে**

ধরতি আবা জনভাগীদারি অভিযানের মূল উদ্দেশ্য হচ্ছে পিঁছিয়েপড়া জনজাতি এলাকাগুলিকে উন্নত করা। কেন্দ্র ও রাজ্য সরকার জনজাতি এলাকাগুলির উন্নয়নে বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে আজ হেজামারা মাল্টিপারপাস কমিউনিটি হলে হেজামারা ব্লকভিত্তিক মেগা ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধান অতিথি শিল্প দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মাও। এই অনুষ্ঠানের পর কৃষিমন্ত্রী লেফুঙ্গায় শচীন দেববর্মণ মেমোরিয়্যাল হলে আয়োজিত লেফুঙ্গা ব্লকভিত্তিক মেগা ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন।

হেজামারায় আয়োজিত ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধন করে কৃষিমন্ত্রী বলেন, শিক্ষা হল প্রধান অস্ত্র। শিক্ষা দিয়ে আমরা সমাজ পরিবর্তন করতে পারি। আজ যারা ছাত্রছাত্রী আগামীদিনে তারাই দেশের নেতৃত্ব দেবে। ছাত্রছাত্রীদের পুঁথিগত বিদ্যার পাশাপাশি আরও বিভিন্ন বিষয়ে জ্ঞান অর্জন করতে হবে। এজন্যই এধরণের ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তিনি বলেন, ছাত্রছাত্রীদের নিজের রাজ্য সম্পর্কে জানতে হবে। নিজের রাজ্যকে ভালবাসতে হবে। অন্যকে সাহায্য করার মানসিকতাও থাকতে হবে।

অনুষ্ঠানের প্রধান অতিথি শিল্প দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা বলেন, ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে ছাত্রছাত্রীদের সাধারণ জ্ঞান বৃদ্ধি পায়। তিনি বলেন, ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নিজেদেরই তৈরি করতে হবে। তাই ভাল করে পড়াশোনা করতে হবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হেজামারা বিএসি’র চেয়ারম্যান সুনীল দেববর্মা। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন এডিসি’র কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, হেজামারা বিএসি’র ভাইস চেয়ারম্যান নিহার রঞ্জন দেববর্মা। স্বাগত বক্তব্য রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত।

ক্যুইজ প্রতিযোগিতায় ৬টি বিদ্যালয় অংশগ্রহণ করে। ক্যুইজ প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী আওয়ার লেডি হলিক্রস স্কুলকে ১৫ হাজার টাকা, দ্বিতীয় স্থানাধিকারী বড়কাঁঠাল উচ্চমাধ্যমিক বিদ্যালয়কে ১০ হাজার টাকা এবং তৃতীয় স্থানাধিকারী ত্রিপুরা একাডেমি স্কুলকে ৭ হাজার টাকা, ট্রফি ও সার্টিফিকেট দিয়ে পুরস্কৃত করা হয়। দর্শকদের থেকে ক্যুইজ প্রতিযোগিতায় একজন বিজয়ীকে বাইসাইকেল দিয়ে পুরস্কৃত করা হয়। লেফুঙ্গায় আয়োজিত ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লেফুঙ্গা বিএসি’র চেয়ারম্যান রণবীর দেববর্মা, ভাইস চেয়ারম্যান বুদ্ধ দেববর্মা, এডিসি’র কার্যনির্বাহী সদস্য রুনিয়েল দেববর্মা, মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ।

*****